https://www.path-2-happiness.com/bn

একাধিক মালিক রয়েছে, তারা তাকে নিয়ে পরস্পর বিরোধ করে। একজন বলেঃ এদিকে এসো, অন্যজন বলে, বসে থাক, তৃতীয়জন বলে, দাঁড়িয়ে থাক। সে তাদের আদেশে হয়রান, দিশেহারা। তার দৈহিক ও আত্মিক কোন ধরনেরই শান্তি নাই। অন্যদিকে আল্লাহর একত্ববাদে বিশ্বাসী হলো একজন নিরাপদ ব্যক্তি যাকে এক মালিকই আদেশ ও নিষেধ দেয়, ফলে কোন বৈপরিত্য দেখা দেয়না। এ দুজনের অবস্থা কি সমান? অতএব সমস্ত প্রশংসা মহান আল্লাহ তায়া'লার, যত গুনকীর্তন একমাত্র তারই, তিনি মহান, তিনি এক প্রতিপালক, এক ইলাহ, তিনি ছাড়া অন্য কোন ইলাহ বা রব নেই। আর যারা একথা জানেনা বা বিশ্বাস করেনা তারা অন্তর্দন্ধ নিয়া বাস করে। এর সাথে আছে দুশ্চিন্তা দুর্দশা, বিষন্নতা, হয়রানি মোহাবিষ্টতা ও আত্মহননের প্রবনতা ।

ধর্ম ও আত্ম হত্যা

আন্তর্জাতিক স্বাস্থ্য সংস্থার [WHO] দুই জন বিশেষজ্ঞ ডঃ জোস ম্যানুয়েল ও মহিলা গবেষক এলিসাভ্রাফ্রীশম্যান আত্ম হত্যা ও ধর্মের সম্বন্ধ নিয়ে সমীক্ষা চালিয়েছেন। জাতী সংঘের তথ্য সূত্রের মাধ্যমে প্রামাণিত তাদের গবেষণার ফল নিম্নরূপঃ A global perspective in the epidemiology of suicide